43

দৈনিক খবর

12 NOV 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

কর্তৃপক্ষ খুলবেন বৃহস্পতিবার

# শিক্ষক ও ছাত্ররা ঢাকা ভার্সিটি খুলেছেন

।। স্টাফ রিপোর্টার ।।

সরকার নির্ধারিত বন্ধের সময় শেষ হবার আগেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্ররা সরকারী আদেশ উপেক্ষা করে গতকাল রোববার বিশ্ববিদ্যালয় খুলে দিয়েছেন। কর্তৃপক্ষ আগামী ১৫ই নভেম্বর আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয় খুলছেন। আজ অনুষ্ঠেয় সিন্ডিকেটের জরুরী সভায় এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা গতকাল সরকারী নির্দেশ উপেক্ষা করে বিশ্ববিদ্যালয় খুলে দিয়েছেন। তাঁরা সকাল সাড়ে ৮টা থেকে বিভিন্ন ক্লাসে ক্লাসে গিয়ে লেকচার দিয়েছেন। প্রতিবাদ স্বরূপ কালো ব্যাচ ধারণ করে শিক্ষকরা ক্লাসে যান।

সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনের গেট খুলে দেয়া হয় এবং ছাত্ররা সরকার বিরোধী শ্লোগান দিয়ে ক্লাসে যোগদানের জন্য যায়। ক্লাস শেষে তারা মিছিলযোগে ফিরে যায়। সকালের দিকে বিভিন্ন শিক্ষকের ক্লাসে উপস্থিতির সংখ্যা কম থাকলেও বেলা বাড়ার সাথে সাথে ছাত্র-ছাত্রীর সংখ্যাও

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## ভার্সিটি খুলেছেন

প্রথম পৃষ্ঠার পর

বাড়তে থাকে। কোন কোন ক্লাসে ২০/৩০ জন ছাত্র-ছাত্রীও উপস্থিত হন।

শিক্ষকরা ক্লাস রুটিন অনুযায়ী বিভিন্ন ক্লাসে যান। গতকাল তাঁদের লেকচারের বিষয়বস্তু ছিল স্বৈরাচার, গণতান্ত্রিক ব্যবস্থা, বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসন, কালাকানুন প্রভৃতি। শিক্ষকদের মত ছাত্ররাও কালো ব্যাজ ধারণ করে ক্লাসে যায়। ছাত্র নেতৃবৃন্দের অনেকেই গতকাল ক্লাসে অংশ নেন।

উল্লেখ্য, সরকারী আদেশ উপেক্ষা করে শিক্ষকরা ক্লাস নেয়ার সিদ্ধান্ত নিলে সর্বদলীয় ছাত্র ঐক্য ছাত্রদের ক্লাসে অংশ নেয়ার আহবান জানায়। সরকার গত ১৩ই অক্টোবর এক ঘোষণায় ঢাকা বিশ্ববিদ্যালয় আজ ১২ই নভেম্বর পর্যন্ত এক মাসের জন্য বন্ধ ঘোষণা করেন। শিক্ষা প্রতিষ্ঠান (শান্তি-শৃংখলা) অধ্যাদেশ '৯০ বলে সরকার এ বন্ধের নির্দেশ দেন এবং উক্ত অধ্যাদেশকে কালাকানুন ও অবৈধ আখ্যায়িত করে ছাত্র-শিক্ষকসহ সংশ্লিষ্ট সকল মহল এ অধ্যাদেশ বাতিলের দাবীতে আন্দোলন করছে। এ আন্দোলনের অংশ হিসেবে সরকারী ঘোষণাকে উপেক্ষা করে শিক্ষক ও ছাত্ররা গতকাল বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু ক্লাস শুরু হলেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলো এখনও খোলা হয়নি। শিক্ষক ও ছাত্ররা অবিলম্বে সকল আবাসিক হল খুলে দেয়ার জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানিয়েছেন। তবে গতকাল থেকেই বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী খুলে দেয়া হয়েছে এবং ছাত্র-ছাত্রীদের বহনকারী বিশ্ববিদ্যালয়ের বাসগুলো চালু করা হয়েছে। গতকাল বিভিন্ন রুটে চলাচলকারী বাসগুলো ছিল ছাত্র-ছাত্রীতে পূর্ণ। অবশ্য গতকাল ছাত্রীদের উপস্থিতি ছিল খুবই কম।

সকাল থেকেই বিশ্ববিদ্যালয় এলাকায় পুলিশী টহল জোরদার করা হয়। শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ '৯০ অনুযায়ী সরকারী নির্দেশ উপেক্ষা করে শিক্ষা প্রতিষ্ঠান খোলার যে কোন উদ্যোগ গ্রহণের জন্য শাস্তির বিধান রয়েছে। তবে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে সরকারী নির্দেশ উপেক্ষা করে ক্লাস শুরু হলেও সরকারের পক্ষ থেকে কোন বাধা দেয়া হয়নি।

জানা গেছে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ১৪ই নভেম্বর সকল আবাসিক হল এবং ১৫ই নভেম্বর থেকে ক্লাস চালুর চিন্তা-ভাবনা করছেন। আজ সোমবার কর্তৃপক্ষ এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য দুপুরে সকল হল প্রাধ্যক্ষের সাথে উপাচার্য এক বৈঠক করবেন। পরে বিকেলে সিন্ডিকেটের জরুরী সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলে জানা গেছে।